

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩১২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩১৩]

পর্ব-১: ত্বহরাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৯৫: মুকীমের তায়াম্মুম

بَابُ التَّيْمُمِ فِي الْحَضَرِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، قَالَ: حَدَّثَنَا مُحَمَّدٌ، قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ سَلَمَةَ، عَنْ ذَرٍّ، عَنْ ابْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى، عَنْ أَبِيهِ، أَنَّ رَجُلًا أَتَى عُمَرَ، فَقَالَ: إِنِّي أَجَنَبْتُ فَلَمْ أَجِدِ الْمَاءَ، قَالَ عُمَرُ: لَا تُصَلِّ، فَقَالَ عَمَّارُ بْنُ يَاسِرٍ: يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ، أَمَا تَذْكُرُ إِذْ أَنَا وَأَنْتَ فِي سَرِيَّةٍ فَأَجَنَبْنَا فَلَمْ نَجِدِ الْمَاءَ، فَأَمَّا أَنْتَ فَلَمْ تُصَلِّ، وَأَمَّا أَنَا فَتَمَعَّكْتُ فِي التُّرَابِ فَصَلَّيْتُ، فَاتَيْنَا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرْنَا ذَلِكَ لَهُ، فَقَالَ: إِنَّمَا كَانَ يَكْفِيكَ فَضْرَبَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَيْهِ إِلَى الْأَرْضِ، ثُمَّ نَفَخَ فِيهِمَا ثُمَّ مَسَحَ بِهِمَا وَجْهَهُ وَكَفَّيْهِ . وَسَلَمَةُ شَكَّ، لَا يَدْرِي فِيهِ إِلَى الْمِرْفَقَيْنِ أَوْ إِلَى الْكَفَّيْنِ، فَقَالَ عُمَرُ: نُؤَلِّيكَ مَا تَوَلَّيْتُ.

تخریج دارالدعوه: صحیح البخاری/التیمم ۴ (۳۳۸)، صحیح مسلم/الحيض ۲۸ (۳۶۸)، سنن ابی داود/الطهارة، سنن الترمذی/فيه ۱۱۰ (۱۴۴)، سنن ابن ماجه/فيه ۹۱ (۵۶۹)، (تحفة الأشراف ۱۰۳۶۲)، مسند احمد ۴/۲۶۳، ۲۶۵، ۳۱۹، ۳۲۰، سنن الدارمی/الطهارة ۶۶ (۷۷۲) مختصراً، ویأتي عند المؤلف بأرقام: ۳۱۷، ۳۱۸، ۳۱۹، ۳۲۰ (صحیح).

صحیح وضعیف سنن النسائي الألباني: حدیث نمبر 313 – صحیح

বাংলা

৩১২. মুহাম্মাদ ইবনু বাশশার (রহ.) 'আবদুর রহমান ইবনু আবযা (রাঃ) হতে বর্ণিত। এক ব্যক্তি 'উমার (রাঃ) -এর নিকটে এসে বলল, আমি অপবিত্র অবস্থায় আছি কিন্তু পানি পাইনি। 'উমার (রাঃ) বললেন, তুমি সালাত আদায় করো না। এ কথা শুনে 'আম্মার ইবনু ইয়াসির বললেন, হে আমীরুল মু'মিনীন! আপনার কি স্মরণ নেই যে, এক সময় আমি এবং আপনি এক যুদ্ধে ছিলাম, আমরা দু'জন অপবিত্র অবস্থায় উপনীত হলাম, আর আমরা পানি পেলাম না। এতে আপনি সালাত আদায় করলেন না। কিন্তু আমি মাটিতে গড়াগড়ি দিলাম, তারপর সালাত আদায় করলাম। এরপর আমরা নবী (সা.) -এর নিকট গিয়ে তার নিকট ঘটনা বর্ণনা করলাম। তখন তিনি (সা.) বললেন, তোমার জন্যে এ-ই যথেষ্ট ছিল। এ বলে নবী (সা.) তাঁর হস্তদ্বয় মাটিতে মারলেন, এরপর তাতে ফুঁক দিলেন এবং তা দ্বারা তার চেহারা এবং দু হাত মাসাহ করলেন। বর্ণনাকারী সালামাহ্ সন্দেহ করলেন, এ ব্যাপারে তার মনে নেই কনুই পর্যন্ত বলেছেন, না কজি পর্যন্ত। এ কথা শুনে 'উমার (রাঃ) বললেন, তুমি যে বিষয় বর্ণনা করলে তার দায়-দায়িত্ব তোমার ওপরই অর্পণ করলাম।

English

195. Tayammum When One Is Not Traveling

It was narrated from Ibn 'Abdur-Rahman bin Abza from his father that a man came to 'Umar and said: I have become Junub and I do not have any water. 'Umar said: Do not pray. But 'Ammar bin Yasir said: O Commander of the Believers! Don't you remember when you and I were on a campaign and we became Junub and could not find water? You did not pray, but I rolled in the dust and prayed. Then we came to the Prophet (ﷺ) and told him about that, and he said: 'It would have been sufficient for you (to do this),' then the Prophet (ﷺ) struck his hands on the ground and blew on them, then wiped his face and hands with them' - (one of the narrators) Salamah was uncertain and did not know whether that was up to the elbows or just hands. And 'Umar said: We will let you bear the burden of what you took upon yourself.

ফুটনোট

সহীহ: বুখারী ৩৩৮ সন্দেহ ব্যতীত, ৩৬৮; সহীহ আবু দাউদ ৩৪৪, ৩৫০, ইওয়াউল গালীল ১৬১।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবযা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86583>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন